**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-বগুড়া
বাড়ী নং-১৩, রোড নং-০১, উপশহর, বগুড়া।
**website: www.tax.bogra.gov.bd**
**e-mail: ctbogra2011@gmail.com**

নথি নং- ১ই-১/নিয়োগ/কঃঅঃবঃ/২০২১-২০২২/ ১২৮৩

তারিখ ঃ ২৯ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ
১৩ জানুয়ারী, ২০২২ খ্রিষ্টাব্দ

https://freejobalert4u.com

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, শাখা-৩ (আয়কর) এর ০৫.০৪.২০২১ খ্রিঃ তারিখের ০৮.০০.০০০০.০৩৭.১১.০০১.১৯.১০৩/১ নং স্মারক অনুযায়ী কর কমিশনার, কর অঞ্চল-বগুড়ার অধীনে শুন্য পদের বিপরীতে অস্থায়ী ভাবে জনবল নিয়োগের নিমিত্ত কলাম ৫ এ বর্ণিত জেলাসমূহের স্থায়ী বাসিন্দা/নাগরিকগণের নিকট হতে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের শর্ত সাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ছকে অনলাইনে **http://TAXBOG.teletalk.com.bd** ওয়েবসাইটে আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | শুন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার বাসিন্দা/নাগরিকগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪<br>বেতন স্কেল: টাঃ ১০২০০-২৪৬৮০/- | ০৮ (আট) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ। | সিরাজগঞ্জ, জয়পুরহাট ও গাইবান্ধা জেলা। |
| ২। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর/ কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪<br>বেতন স্কেল: টাঃ ১০২০০-২৪৬৮০/- | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) প্রতি মিনিটে সাঁটলিপিতে সর্বনিম্ন গতি বাংলায় ৪৫ শব্দ ও ইংরেজিতে ৭০ শব্দ;<br>(ঘ) প্রতি মিনিটে কম্পিউটার মুদ্রাক্ষরে সবনিম্ন গতি বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দ। | গাইবান্ধা জেলা। |
| ৩। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/ডাটা এন্ট্রি অপারেটর<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল: টাঃ ৯৩০০-২২৪৯০/- | ০৪ (চার) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) প্রতি মিনিটে কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দ। | বগুড়া, সিরাজগঞ্জ, জয়পুরহাট ও গাইবান্ধা জেলা। |
| ৪। | গাড়ী চালক<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল: টাঃ ৯৩০০-২২৪৯০/- | ০১ (এক) টি | (ক) অষ্টম শ্রেণি বা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা যানবাহন চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে;<br>(গ) অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধীকার দেয়া হবে। | সিরাজগঞ্জ ও জয়পুরহাট জেলা। |
| ৫। | নোটিশ সার্ভার<br>গ্রেড-২০<br>বেতন স্কেল: টাঃ ৮২৫০-২০০১০/- | ০২ (দুই) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | সিরাজগঞ্জ ও গাইবান্ধা জেলা। |
| ৬। | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>বেতন স্কেল: টাঃ ৮২৫০-২০০১০/- | ০৬ (ছয়) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | বগুড়া, সিরাজগঞ্জ, জয়পুরহাট ও গাইবান্ধা জেলা। |
| ৭। | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০<br>বেতন স্কেল: টাঃ ৮২৫০-২০০১০/- | ০৩ (তিন) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | বগুড়া ও সিরাজগঞ্জ জেলা। |

তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় কলাম- ৫ এ বর্ণিত সকল জেলার স্থায়ী বাসিন্দা আবেদন করতে পারবেন।

**নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে ঃ**

১।

| বয়সসীমা | বয়সসীমা নির্ধারণের তারিখ |
|---|---|
| ১৮ হতে ৩০ বছর | যে সকল প্রার্থীর বয়স ৩১-১২-২০২১ তারিখে বর্ণিত সময় সীমার মধ্যে থাকবে তারা আবেদনের যোগ্য বিবেচিত হবেন। তবে ২৫ মার্চ, ২০২০ তারিখে যারা সর্বোচ্চ বয়স সীমায় পৌঁছেছেন তারাও আবেদন করতে পারবেন। এক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের সর্বোচ্চ বয়স সীমা হবে ১৮-৩২ বছর। |

২। সরকারী/আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিতে নিয়োজিত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৩। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৪। **প্রার্থীর যোগ্যতা যাচাই ঃ**

প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (**ক্রমিক নং-ক হতে জ পর্যন্ত**) কাগজপত্রের মূল কপি প্রদর্শন পূর্বক প্রতিটির একটি (০১) করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে ঃ

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্র সহ)

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

(গ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণ পত্রের সত্যায়িত ছায়ালিপি।

(ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/কাউন্সিলর/প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।

(চ) Online-এ পূরণকৃত আবেদন পত্রের কপি (Applicant's Copy) ও (Admit card).

(ছ) আবেদনকারী শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটার আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে উক্ত মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার সনদসহ আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

(জ) গাড়ীচালক পদের প্রার্থীদের ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত অনুলিপি। https://freejobalert4u.com

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উর্ত্তীণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৫। সকল পদের জন্য লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৬। সরকারী নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

৭। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৮। নিয়োগের বিষয়ে বাংলাদেশ সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্র/নীতিমালা মোতাবেক সকল প্রকার নীতি অনুসরণ করা হবে।

৯। নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময়সূচি পরবর্তীতে দৈনিক পত্রিকা ও এ কর অঞ্চলের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।

১১। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। বিজ্ঞপ্তিটি কর অঞ্চল-বগুড়ার ওয়েবসাইট **www.tax.bogra.gov.bd** তে পাওয়া যাবে।

১৩। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৪। সরকার কর্তৃক জারীকৃত স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৫। উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৬। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী ঃ** https://freejobalert4u.com

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি নিম্নোক্ত প্রদ্ধতিতে **http://TAXBOG.teletalk.com.bd** এ ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদন সময় সীমা নিম্নরূপ ঃ

**Online** এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১৬-০১-২০২২ খ্রিঃ, সকাল ১০.০০ ঘটিকা।

আবেদনপত্র জমা দানের শেষ তারিখ ও সময় ০৮-০২-২০২২ খ্রিঃ বিকাল ০৫.০০ ঘটিকা। উক্ত সময় সীমার মধ্যে **User ID** প্রাপ্ত প্রার্থীগণ **Online** এ আবেদনপত্র দাখিল এর সময় থেকে ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে **SMS** এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) **Online** আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ **pixel**) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ **pixel**) স্ক্যান করে নির্ধারিত স্থানে **Upload** করবেন।

(গ) **Online** আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী **Online** এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :** অনলাইনে আবেদনপত্র (**Application Form**) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি ও স্বাক্ষর **Upload** করে আবেদনপত্র **Submit** করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ **Application Preview** দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র **Submit** করা সম্পন্ন হলে প্রার্থী একটি **User ID**, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি **Applicant's copy** পাবেন। উক্ত **Applicant's copy** প্রার্থী **Download** পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। **Applicant's copy** তে একটি **User ID** নম্বর দেয়া থাকবে এবং **User ID** নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন **teletalk Pre-paid mobile** নম্বরের মাধ্যমে ০২(দুই) টি **SMS** করে আবেদন ফি বাবদ ১-৪ নং ক্রমিকের পদবীর আবেদনের জন্য ১০০/-(একশত) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকা সহ মোট ১১২/- টাকা এবং ৫-৭ নং ক্রমিকের পদবীর আবেদনের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ০৬/- টাকা সহ মোট ৫৬/- টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "**Online** আবেদনপত্রের সকল অংশ পূরণ করে **Submit** করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত পূরণকৃত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**SMS এর নিয়মাবলী ঃ**

প্রথম SMS : TAXBOG <space>**User ID** লিখে **Send** করতে হবে **16222** নম্বরে। **Example: TAXBOG ABCDEF**

**Reply :** Applicant's Name, Tk-112/56 will be charged as application fee. Your **PIN** is 12345678, To pay fee type **TAXBOG** <space>**Yes**<space>**PIN** and send to **16222** নম্বরে।

দ্বিতীয় SMS : TAXBOG <space>**YES**<space>**PIN** and send করতে হবে **16222** নম্বরে।

**Example : TAXBOG YES 12345678**

**Reply :** Congratulations Applicant's Name. Payment Completed Successfully for TAXBOG Application for (post Name) **User ID** is (ABCDEF) and **Password** (xxxxxxxx)|

(চ) **দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS এ Password পাবেন। SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং Password টি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে।**

https://freejobalert4u.com

(ছ) আবেদন গ্রহণের সময়সীমা শেষ হওয়ার পর প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি **http://TAXBOG.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে **SMS** এর মাধ্যমে (কেবল যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। একই প্রবেশপত্র দিয়ে লিখিত এবং মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। অনলাইনে আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, **SMS** পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়।

(জ) **SMS** এ প্রেরিত **User ID এবং Password** ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর , পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী **Download** পূর্বক রঙ্গিন **Print** করে নিবেন। প্রার্থী এ প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(ঝ) কেবল টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত **SMS** পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ **User ID** এবং **Password** পুনরুদ্ধার করতে পারবেন।

(i) **User ID** জানা থাকলে **TAXBOG** <space>**HELP**<space>**USER**<space>**User ID** & Send to **16222.**

**Example : TAXBOG HELP USER ABCDEF**

(ii) **Pin Number** জানা থাকলে **TAXBOG** <space>**Help**<space>**PIN**<space>**PIN Number** & Send to **16222**.

**Example:** TAXBOG **Help** PIN **12345678**

(iii) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(iv) **Online**-এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা **ctbogra2011@gmail.com** বা **alljobs.query@teletalk.com.bd** এ মেইল করা যেতে পারে। (Mail এর subject-এ Organization Name: Taxes Zone-Bogura, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(v) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও **www.tax.bogra.gov.bd** ওয়েবসাইটে এবং **http://taxbog.teletalk.com.bd** এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল **https://alljobs.teletalk.com.bd** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে **Online** এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

স্বাক্ষরিত:
১৩-০১-২০২২খ্রি:
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন), কর অঞ্চল-বগুড়া
ও
সদস্য সচিব
বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটি
কর অঞ্চল-বগুড়া।
ফোন নং-০৫১-৬০৬৪৫